

স্থানীয় পর্যায়ে দরিদ্র ও নারীদের ন্যায়বিচার প্রাপ্তির লক্ষ্যে

আইন সহায়তা

3rd Issue • December 2015

তৃতীয় সংখ্যা • ডিসেম্বর ২০১৫

সম্পাদকীয়

স্থানীয় পর্যায়ে সালিশি ব্যবস্থাকে আইন ও নীতিমালার আলোকে গণতান্ত্রিক ও নারীবান্ধব করা এবং বিনামূল্যে সুবিধাবঞ্চিতদের বিশেষ করে নারীদের আইনি সেবা প্রদানের মাধ্যমে পিছিয়ে গড়া জনগোষ্ঠীর ন্যায় বিচার প্রাপ্তির সুযোগ বৃদ্ধির লক্ষ্যে নাগরিক উদ্যোগ নানাবিধ কার্যক্রম পরিচালনা করে আসছে। যদিও এই কার্যক্রমের প্রভাব বিষয়ে এখনো কোনো প্রতিষ্ঠানিক গবেষণা পরিচালনা করা হয়নি, কিন্তু তারপরও কর্মপ্রাণীকালোতে ইতোমধ্যে বেশকিছু ইতিবাচক পরিবর্তনের চিত্র লক্ষ্য করা গেছে। এ থেকে এ কথা বলা যায় যে, নাগরিক উদ্যোগ তার কাজিত লক্ষ্যের দিকে এগিয়ে যাচ্ছে।

নাগরিক উদ্যোগ বরিশাল ও ঝালকাঠি জেলার পাঁচটি উপজেলার ৫০টি ইউনিয়নে ‘স্থানীয় পর্যায়ে আইনগত সেবার মাধ্যমে ন্যায় বিচার প্রতিষ্ঠা’ প্রকল্পটি বাস্তবায়ন করছে। স্থানীয়ভাবে নাগরিকদের নিয়ে সংগঠন তৈরী যেন তারা অধিকারের জন্য সোচ্চার হতে পারে, সংগঠনের সদস্যদের মানবাধিকার ও সালিশি বিষয়ক প্রশিক্ষণ প্রদান যেন তারা ন্যায়বিচার প্রতিষ্ঠায় ভূমিকা রাখতে পারে এবং সালিশি মীমাংসায় সহযোগিতা ও আইনগত সহায়তা প্রদান করা যেন তারা তাদের অধিকারের সুফল ভোগ করতে পারে এগুলোই মূলত এই প্রকল্পের মূল উদ্দেশ্য। এ ছাড়া সাংস্কৃতিক প্রদর্শনী, দলগত আলোচনা, বিভিন্ন দিবস উপলক্ষে আলোচনা সভা ইত্যাদিতে মানুষের অধিকারভিত্তিক তথ্যগুলো নিয়মিত প্রচার করা হচ্ছে। বিভিন্ন মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় আনুষ্ঠানিক প্রতিবাদ জানানো হচ্ছে, আয়োজন করা হচ্ছে মানববন্ধন, র্যালী ও প্রতিবাদ সভার।

ইতোমধ্যে প্রকল্পের তিন বছরের কার্যক্রম সম্পন্ন হয়েছে। বিগত বছরের সম্পাদিত বিভিন্ন কার্যক্রমের তথ্য নিয়ে এই প্রকাশনাটি প্রকাশ করা হলো। আশা করি, প্রকাশনাটি সংশ্লিষ্ট পাঠক ও স্থানীয় জনসাধারণকে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে ধারণা দিতে সহায়কের ভূমিকা পালন করবে।



তৃণমূল নারীনেত্রী নেটওয়ার্কের তৃতীয় বার্ষিক সম্মেলন, ২০১৫ সুশাসন প্রতিষ্ঠায় কাজ করছে তৃণমূল নারীনেত্রীরা

সমাজের সর্বস্তরের নারী পুরুষের সম-অধিকার প্রতিষ্ঠা, সচেতনতা সৃষ্টির মাধ্যমে তৃণমূল পর্যায়ে নারীদের ঐক্য ও নারীনেত্রী সৃষ্টি, নারীর প্রতি সকল ধরনের সহিংসতা ও নির্যাতন প্রতিরোধের অঙ্গীকার নিয়ে নভেম্বর তৃণমূল নারীনেত্রী নেটওয়ার্কের ৩য় বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। ‘স্থানীয় পর্যায়ে আইনগত সেবার মাধ্যমে ন্যায় বিচার প্রতিষ্ঠা’ প্রকল্পের সহায়তায় বরিশাল ও ঝালকাঠি জেলার ৫টি উপজেলায় নভেম্বর মাসে এ সম্মেলনগুলি অনুষ্ঠিত হয়।

বরিশাল সদর উপজেলা:

‘স্বাধীন হলে নারীর চলার পথ, নিশ্চিত হবে দেশের ভবিষ্যৎ’ এই শ্লোগানকে সামনে রেখে বরিশাল সদর উপজেলায় ২৩ নভেম্বর, ২০১৫ সকাল ১০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে বর্ণিল আয়োজনের মধ্যে দিয়ে অনুষ্ঠিত হয় তৃণমূল নারীনেত্রী নেটওয়ার্ক দলের তৃতীয় বার্ষিক সম্মেলন। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বরিশাল সদর উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ আব্দুর রউফ মিয়া। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শাহনেওয়াজ শাহীন ও প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী নাদিরা পারভীন। তৃণমূল নারীনেত্রী নেটওয়ার্কের সভাপতি পারুল বেগমের সভাপতিত্বে সভায় অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মহিলা পরিষদ বরিশাল শাখার সভাপতি রাবেয়া খাতুন, জাওয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোস্তাক আলম চৌধুরী, চাঁদপুরা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ হেলাল উদ্দিন খান, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেলের আইন সহায়তা কর্মকর্তা এ্যাডভোকেট রাশিদা আক্তার শিরিন এবং বরিশাল সদর উপজেলা নাগরিক অধিকার দলের সভাপতি ইসরাইল পন্ডিত।

